



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/জনসংযোগ,ত.ওপ./সংবাদ বিজ্ঞপ্তি/২০২৬/৪৮২

তারিখ: ১৭.০৩.২০২৬খ্রি.

সংবাদ বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে নতুন নেতৃত্বের সূচনা
ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে ১৭ মার্চ ২০২৬ খ্রি. মঙ্গলবার আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ১৬ মার্চ ২০২৬ খ্রি. তারিখে জারিকৃত এক প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁকে উক্ত পদে নিয়োগ প্রদান করা হয়।

প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন, ২০১৩-এর ১১ ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের অনুমোদনক্রমে তাকে এ পদে নিয়োগ দেওয়া হয়েছে। তাঁর নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ থেকে চার (৪) বছর হবে। ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব গ্রহণের পর তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন এবং বিধি অনুযায়ী নির্ধারিত বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা ভোগ করবেন।

দায়িত্ব গ্রহণকালে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম, ট্রেজারার এ এস এম মামুনুর রহমান খলিলী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ফাহাদ আহমদ মোমতাজী, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) মো: জিয়াউর রহমানসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

বরিশাল বিভাগের ঝালকাঠি জেলার কৃতি সন্তান প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান ইতোপূর্বে ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ায় দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক হিসেবে কর্মরত ছিলেন। ভাইস-চ্যান্সেলর হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ার পূর্বে তিনি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

উল্লেখ্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় দেশের আলিয়া মাদরাসা শিক্ষার ফাজিল ও কামিল স্তরের সর্বোচ্চ নিয়ন্ত্রক প্রতিষ্ঠান। নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলরের যোগদানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম, গবেষণা এবং প্রশাসনিক কার্যক্রমে আরও গতিশীলতা আসবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন।

(ফাহাদ আহমদ মোমতাজী)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

ই-মেইল: iauregistr@gmail.com